

■ মুহাম্মাদ | Muhammad | مُحَمَّد

আয়াতঃ ৪৭ : ১৭

বই আরবি মূল আয়াত:

وَالَّذِينَ اهتَدَوا زَادَهُمْ هُدًى وَأَتَهُمْ تَقْوِيمُهُمْ ﴿٤٧﴾

A অনুবাদসমূহ:

আর যারা হিদায়াতপ্রাপ্ত হয়েছে আল্লাহ তাদের হিদায়াত প্রাপ্তি আরো বৃদ্ধি করেন এবং তাদেরকে তাদের তাকওয়া প্রদান করেন। — আল-বায়ান

যারা সঠিক পথে চলে আল্লাহ তাদের সৎপথ প্রাপ্তি বৃদ্ধি করে দেন আর তাদেরকে তাকওয়া দান করেন। — তাইসিরত

যারা সৎ পথ অবলম্বন করে আল্লাহ তাদের সৎ পথে চলার শক্তি বৃদ্ধি করেন এবং তাদেরকে মুন্তাকী হবার শক্তি দান করেন। — মুজিবুর রহমান

And those who are guided - He increases them in guidance and gives them their righteousness. — Sahih International

১৭. আর যারা হিদায়াত প্রাপ্ত হয়েছে আল্লাহ তাদের হিদায়াত বৃদ্ধি করেন এবং তাদের তাকওয়া প্রদান করেন। (১)

(১) অর্থাৎ তারা নিজেরদের মধ্যে যে তাকওয়ার যোগ্যতা সৃষ্টি করে আল্লাহ তা'আলা। তাদেরকে সে তাওফীকই দান করেন। [দেখুন: ফাতুল্ল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১৭) যারা সৎপথ অবলম্বন করে, তাদেরকে আল্লাহ সৎপথে চলার শক্তি বৃদ্ধি করেন এবং তাদেরকে ধর্মভীকৃ হবার শক্তি দান করেন। [১]

[১] অর্থাৎ, যাদের হিদায়াত অর্জন করার নিয়ত হয়, আল্লাহ তাদেরকে হিদায়াত লাভ করার তাওফীকও দান করেন এবং তাদেরকে তার উপর প্রতিষ্ঠিতও রাখেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4562>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন